



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং- মাধ্য/পনি-৬৩/৭৯

তারিখ : ২৮-০২-২০২২ খ্রি.

## এসএসসি পরীক্ষা-২০২১ এর অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সূত্র : বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ডের ০৩-১১-২০২১ তারিখের আশিবা/৯৯ নং স্মারক পত্র।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষা সংশ্লিষ্ট পরিসরে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরীক্ষার্থীদের তত্ত্বীয় পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৬৬ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫৩৩ তম সভায় অনুমোদিত হয়।

**বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত :**

- (ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছিলো তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের যে সকল পত্র/বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই সকল বিষয় ব্যতীত অন্য বিষয়/পত্রের জন্য আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তত্ত্বীয়) ৩০/- (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।
- (খ) পরীক্ষার্থীর ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে (আইসিটি ব্যতীত) আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে বিষয় প্রতি ২০/- (কুড়ি) টাকা এবং আইসিটি বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০/- (ত্রিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০/- (ত্রিশ) টাকা ফেরত প্রদান করা হবে।
- বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে।

**কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত :**

- (ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে এবং পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে (নূন্যতম ০১ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার ক্ষেত্রেও) তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা এবং আইসিটি বিষয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠানকর্তৃক আদায়কৃত ২৫/- (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত ১০/- (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।
- (খ) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না সেক্ষেত্রে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪০০/- (চারশত) টাকা এবং আইসিটি বিষয়ে অতিরিক্ত আরও ২৫/- (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ প্রতিষ্ঠানকর্তৃক আদায়কৃত ১০/- (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

**নিম্নোক্ত পদ্ধতিতে প্রতিটি প্রতিষ্ঠান পরীক্ষার্থীর অর্থ ফেরত প্রদানের তথ্য সংগ্রহ করতে পারবেন :**

- যশোর বোর্ডের ওয়েবসাইট ([www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)) ভিজিট করুন।
- বামপাশের Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
- প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
- বামপাশের মেন্যুবার থেকে SSC 2021 Fees Return মেন্যুতে ক্লিক করুন।

**পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ ও অব্যয়িত কেন্দ্র ফি গ্রহণ করবে।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪ ৭৭৭৬২৭১৪

ই-মেইল : [controller@jessoreboard.gov.bd](mailto:controller@jessoreboard.gov.bd)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের অধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক

পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। উপ-পরিচালক (হিওনি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়কে অবগতির জন্য
- ৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সকল বিভাগীয় কর্মকর্তাগণ
- ৫। অফিস কপি